PG Odd Semester (CBCS) Exam., December—2017

BENGALI

(1st Semester)

Course No. : BNGCC–101

(বাংলা সাহিত্যের সমাজতত্ত্ব)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'বাঙ্গালীর ইতিহাস' (আদিপর্ব) এবং 'বাঙলা ও বাঙালীর বিবর্তন' গ্রন্থ দুটির রচয়িতাদের নামোল্লেখ করো। বাঙালী জাতির উদ্ভবের প্রাথমিক পর্যায়টির একটি বিশদ রূপরেখা অঙ্কন করো।

২+১২=১৪

২। ''বাংলাদেশের বিচিত্র শাখাপ্রশাখাসম্পন্ন ইতিহাস-বনস্পতির বৃহৎ আভাস দেখিতে পাইয়াছি।'' উক্তিটি কার? কোন্ গ্রন্থ সম্পর্কে করা হয়েছিল? বাংলা সাহিত্যের ইতিহাসকে প্রধানত কয়টি পর্যায়ে ভাগ করা হয়? এই বিভাজনের সামাজিক-রাজনৈতিক-নান্দনিক কারণগুলি নির্দেশ করো। ১+১+৩+৯=১৪

খ—গুচ্ছ

৩। ''বাংলার মধ্যযুগীয় সমষ্টিগত জীবনচেতনা রাষ্ট্রপ্রধান ছিল না, ছিল ধর্ম এবং সমাজ-প্রধান। তাই রাজছত্রের ছায়াতলে বাংলার ধর্মমূলক বাণীসাধনা বিশেষ আশ্রয় লাভ করেছিল।'' ধর্মসমাজমূলক বাণীসাধনা মধ্যযুগে কোন্ কোন্ খাতে প্রবাহিত হয়েছিল? যে কোনো একটি ধারা অবলম্বনে এর সমাজ-উৎস এবং কাব্যসিদ্ধি বিচার করো। ৪+১০=১৪

৪। 'সুফি' শব্দের অর্থ ব্যাখ্যা করো। সুফি দর্শন ও সাধনার স্বরূপ আলোচনা করো। ৩+১১=১৪

গ—গুচ্ছ

৫। 'Culture'-এর প্রথম সংজ্ঞাটি কে দিয়েছিলেন? সংজ্ঞাটির উল্লেখ করো। সংস্কৃতির উদ্ভব ও বিবর্তন সম্পর্কে হেনরি মর্গ্যানের তত্ত্বটি বিশ্লেষণ করো। ১+২+১১=১৪

৬। ধোয়ী কোন্ রাজার সভাকবি ছিলেন? কোন্ কাব্য রচনার জন্য তিনি 'কবিরাজ' উপাধি লাভ করেছিলেন? আরাকান রাজসভার যে কোনো একজন কবির কবিকৃতি সম্পর্কে আলোচনা করো।

১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। *Sociology of Renaissance* গ্রন্থটি কার লেখা? বাঙালী মধ্যবিত্তের আত্মপরিচয় ও বিকাশে নবজাগরণের ভূমিকা আলোচনা করো। ১+১৩=১৪

৮। ইউরোপে রেনেসাঁর উদ্ভব ও বিকাশের শর্তগুলি কী কী? পাশ্চাত্য রেনেসাঁসের অর্থ ও গুরুত্বের প্রেক্ষিতে উনিশ শতকের বাংলার নবজাগরণের স্বাতন্ত্র্যের দিকগুলি পর্যালোচনা করো।

৩+১১=১৪

ঙ—গুচ্ছ

৯। 'আধুনিকতা : পর্ব থেকে পর্বান্তর' গ্রন্থটি কার লেখা? 'আধুনিকতা'র লক্ষণগুলি লিপিবদ্ধ করো। ঊনিশ শতকের বাংলার সমাজ ও সাহিত্যে অভিব্যক্ত আধুনিকতার স্বরূপ বিশ্লেষণ করো। ১+৬+৭=১৪

১০। 'জাতীয়তাবাদ' এর ইংরেজি প্রতিশব্দ কী? জাতীয়তাবাদ বলতে কী বোঝ? ঊনিশ শতকের বাংলা কবিতা ও নাটকে জাতীয়তাবাদী ধ্যানধারণা কীভাবে প্রকাশ পেয়েছে, দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। ১+৩+১০=১৪

★★★